

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dam.gov.bd



নথি নং-১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১৮- ৩৩

তারিখঃ ২০/০৩/২০২১ খ্রিঃ

বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের ফেব্রুয়ারি/২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তর এর প্রধান কার্যালয়ে Zoom Platform এ (অনলাইন সভা) অনুষ্ঠিত ফেব্রুয়ারি/২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে নিম্নরূপ কার্যব্যবস্থার অনুরোধসহ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

- কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ১৫ মার্চ, ২০২১ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন বুলেট পয়েন্ট-এ আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করবেন; যাতে পরবর্তী সমন্বয় সভার কার্যপত্রে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উল্লেখ করা যায়। মার্চ/২০২১ মাসের সমন্বয় সভার কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য বিশেষ কোন আলোচ্য সূচীর প্রস্তাব থাকলে সংশ্লিষ্ট সকলকে তা আগামী ১১ মার্চ, ২০২১ তারিখের মধ্যে আরইটিসি শাখায় (সফটকপি adtc@dam.gov.bd মেইলে) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(ইকবাল হোসেন চাকলাদার)

উপ-পরিচালক (আরইটিসি)

ফোনঃ ৫৫০২৮৩৯১

e-mail: chakladerbau@gmail.com

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

.....
.....
.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dam.gov.bd

কৃষি বিপণন অধিদপ্তরের ফেব্রুয়ারি, ২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ ইউসুফ
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।

তারিখ : ২৩ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ।

সময় : সকাল ১১:০০ ঘটিকা।

স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট- 'ক'-তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা
১.	গত ২৮/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।	গত ২৮/১২/২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়। সিদ্ধান্ত-১: ২৮/১২/২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।	প্রশিক্ষণ ও সমন্বয় শাখা
২.	বাজার সংযোগ শাখা	১: ক) প্রত্যেক জেলা কর্মকর্তা বছরে কমপক্ষে ১০ জন করে কৃষি উদ্যোক্তা তৈরি করবেন এবং বিভাগীয় কার্যালয়ে সার্বিক কার্যক্রম সমন্বয় করবেন। প্রতিমাসে প্রধান কার্যালয়ে মহাপরিচালক বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন এবং প্রতিমাসের সমন্বয় সভায় হালনাগাদন প্রতিবেদন উপস্থাপন করবেন। খ) কৃষি বিপণন অধিদপ্তর শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় নিয়োগকৃত Lab Assistant-দের সহায়তায় প্রতি জেলায় ৫০০ জন করে অর্থাৎ ১২টি জেলায় মোট ৬০০০ সদস্যের FMG গ্রুপ গঠন করতে হবে। পূর্বের গঠনকৃত FMG Group এর সাথে নতুন সৃজনকৃত FMG Group এর সমন্বয় করতে হবে। FMG Group অবশ্যই যথাযথভাবে তৈরি করতে হবে। সমন্বয় সভায় এ সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন উপস্থাপন করতে হবে।	উপপরিচালক (বাজার সংযোগ)/বিভাগীয় উপপরিচালক (সকল)। এসএমও/এডি/এএমও/ডিএম ও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত(সকল) উপপরিচালক ও প্রকল্প পরিচালক (কৃষি বিপণন অধিদপ্তর শক্তিশালীকরণ প্রকল্প)/ বিভাগীয় উপপরিচালক (সকল)এসএমও/এডি/এএমও /ডিএমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত (সকল)

